প্রকাশনা 1

# করদাতা হিসেবে আপনার অধিকারগুলি

এই প্রকাশনাটি করদাতা হিসেবে আপনার অধিকারগুলি এবং পরীক্ষা, আপীল, আদায় ও রিফান্ডের প্রক্রিয়াগুলিকে ব্যাখ্যা করে।

## করদাতাদের অধিকারের বিল

### 1. অবহিত থাকার অধিকার

করদাতাদের জানার অধিকার আছে যে কর সংক্রান্ত আইনগুলি মেনে চলার জন্য তাদের কী করা প্রয়োজন। সকল কর সংক্রান্ত ফর্ম, নির্দেশাবলী, প্রকাশনা, বিজ্ঞপ্তি ও পত্রালাপে আইন ও IRS -এর কার্যপ্রণালীগুলির স্পষ্ট ব্যাখ্যা পাওয়ার অধিকার তাদের আছে। তাদের ট্যাক্স অ্যাকাউন্ট সম্বন্ধে IRS-এর সিদ্ধান্তগুলির বিষয়ে অবহিত থাকা এবং ফলাফলের স্পষ্ট ব্যাখ্যা পাওয়ার অধিকার আছে।

### 2. উচ্চমানের পরিষেবার অধিকার

করদাতারা IRS-এর সঙ্গে লেনদেন করার সময় তাদের দ্রুত, শিষ্ট ও পেশাদার সহায়তা পাওয়া, তারা সহজে বুঝতে পারেন এমনভাবে তাদের সঙ্গে কথা বলা, IRS-এর কাছ থেকে স্পষ্ট ও সহজবোধ্য যোগাযোগ পাওয়া এবং অপর্যাপ্ত পরিষেবার বিষয়ে একজন সুপারভাইজারের সঙ্গে কথা বলার অধিকার আছে।

### 3. সঠিক পরিমাণের বেশি কর পরিশোধ না করার অধিকার

করদাতাদের আইনত যে পরিমাণ কর বকেয়া আছে শুধু সেটাই সুদ ও জরিমানা সহ পরিশোধ করা, এবং সকল করের অর্থপ্রদানগুলি যথাযথভাবে IRS-কে দিয়ে প্রয়োগ করানোর অধিকার আছে।

### 4. IRS-এর অবস্থানকে চ্যালেঞ্জ করা এবং বক্তব্য শোনানোর অধিকার

IRS-এর আধিকারিক পদক্ষেপ বা প্রস্তাবিত পদক্ষেপগুলির প্রতিক্রিয়ায় আপত্তি জানানো এবং অতিরিক্ত নথিপত্র প্রদান করা, তাদের দ্বারা যথাসময়ে আপত্তি জানানো ও নথিপত্র প্রদানকে IRS দ্রুত ও ন্যায্যভাবে বিবেচনা করবে এমন প্রত্যাশা করা, এবং IRS তাদের অবস্থানের সাথে একমত না হলে একটি জবাব পাওয়ার অধিকার করদাতাদের আছে

### 5. IRS-এর সিদ্ধান্তের ব্যাপারে একটি স্বাধীন ফোরামে আপীল করার অধিকার

করদাতারা IRS-এর বেশির ভাগ সিদ্ধান্তের ব্যাপারে ন্যায্য ও নিরপেক্ষ প্রশাসনিক আপীল করার অধিকারী এবং Office of Appeals (আপীল অফিস)-এর সিদ্ধান্তের প্রসঙ্গে একটি লিখিত জবাব পাওয়ার অধিকার তাদের আছে। করদাতাদের সাধারণভাবে তাদের মামলাগুলি আদালতে নিয়ে যাওয়ার অধিকার আছে।

### 6. নিষ্পত্তির অধিকার

IRS-এর অবস্থানকে চ্যালেঞ্জ করার জন্য করদাতাদের কাছে সর্বোচ্চ যে পরিমাণ সময় আছে এবং একটি নির্দিষ্ট কর বর্ষকে অডিট করা বা করের দেনা আদায় করার জন্য IRS-এর কাছে যে সর্বোচ্চ পরিমাণ সময় আছে তা জানার অধিকার করদাতাদের আছে। করদাতাদের জানার অধিকার আছে যে IRS কখন একটি অডিট সমাপ্ত করেছে।

### 7. একান্ততার অধিকার

করদাতাদের এটা প্রত্যাশা করার অধিকার আছে যে IRS-এর যে কোনো অনুসন্ধান, পরীক্ষা বা বলবৎকারী পদক্ষেপ আইন মেনে করা হবে এবং প্রয়োজনের চেয়ে বেশি অনধিকার প্রয়োগ করবে না, এবং সকল যথাযোগ্য প্রক্রিয়ার অধিকারগুলিকে সম্মান দেবে, যার মধ্যে তল্লাশি ও বাজেয়াপ্ত করা থেকে সুরক্ষা, এবং যেখানে প্রযোজ্য সেখানে বকেয়া আদায় সংক্রান্ত প্রক্রিয়ার শুনানিও অন্তর্ভুক্ত।

### 8. গোপনীয়তার অধিকার

করদাতাদের এটা প্রত্যাশা করার অধিকার আছে যে তারা IRS-কে যে সকল তথ্য প্রদান করেন তা প্রকাশ করা হবে না, যদি না করদাতার দ্বারা বা আইন অনুযায়ী তা অনুমোদিত হয়। কোনো কর্মী, রিটার্ন প্রস্তুতকারক ও অন্যরা যদি করদাতার রিটার্নের তথ্যকে অন্যায়ভাবে ব্যবহার বা প্রকাশ করে, তাহলে তাদের বিরুদ্ধে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়া হবে এমন প্রত্যাশা করার অধিকার করদাতাদের আছে।

### 9. প্রতিনিধিত্ব বজায় রাখার অধিকার

IRS-এর সাথে লেনদেনের ক্ষেত্রে তাদের প্রতিনিধিত্ব করার জন্য নিজের পছন্দের একজন অনুমোদিত প্রতিনিধিকে রেখে দেওয়ার অধিকার করদাতাদের আছে। করদাতাদের যদি প্রতিনিধিত্বের জন্য ব্যয় করার সংগতি না থাকে, সেই ক্ষেত্রে একটি Low Income Taxpayer Clinic (স্বল্প আয়ের করদাতা ক্লিনিক)-এর কাছ থেকে সহায়তা চাওয়ার অধিকার তাদের আছে।

### 10. ন্যায্য ও নিরপেক্ষ কর ব্যবস্থার অধিকার

করদাতাদের এটা প্রত্যাশা করার অধিকার আছে যে কর ব্যবস্থায় সেই সকল তথ্য ও পরিস্থিতিগুলিকে বিবেচনা করা হবে যা তাদের অন্তর্নিহিত দায়, অর্থপ্রদানের সামর্থ্য বা সময়োপযোগীভাবে তথ্য প্রদানের সামর্থ্যকে প্রভাবিত করতে পারে। করদাতারা যদি আর্থিক অসুবিধায় ভোগেন কিংবা IRS যদি তাদের কর সংক্রান্ত সমস্যাগুলিকে তার স্বাভাবিক প্রক্রিয়ার মাধ্যমে যথাযথ ও সময়োপযোগীভাবে সমাধান না করে থাকে, সেই ক্ষেত্রে করদাতাদের Taxpayer Advocate Service (করদাতা অ্যাডভোকেট পরিষেবা)-এর কাছ থেকে সহায়তা পাওয়ার অধিকার আছে।

---

**IRS-এর উদ্দেশ্য**

আমেরিকার করদাতাদেরকে তাদের কর সংক্রান্ত দায়িত্বগুলি বুঝতে ও পূরণ করতে সাহায্য করা এবং সকলের প্রতি সততা ও ন্যায্যতার সাথে আইন বলবৎ করার মাধ্যমে উচ্চ মানের পরিষেবা প্রদান করা।

Publication 1 (BN) (Rev. 9-2017) Catalog Number 74792F Department of the Treasury **Internal Revenue Service** IRS.gov

# পরীক্ষা, আপীল, আদায় ও রিফান্ড

## পরীক্ষা (অডিট)

আমরা বেশির ভাগ করদাতাদের রিটার্নকে ফাইলকৃত হিসেবে গ্রহণ করি। আমরা যদি আপনার রিটার্ন সম্বন্ধে অনুসন্ধান করি বা এটাকে পরীক্ষার জন্য নির্বাচন করি, তাহলে তা এই ইঙ্গিত করে না যে আপনি অসৎ। অনুসন্ধান বা পরীক্ষার ফলস্বরূপ আরও বেশি কর দিতে হতে পারে বা নাও পারে। আমরা কোনো পরিবর্তন ছাড়াই আপনার কেস বন্ধ করে দিতে পারি; অথবা আপনি একটি রিফান্ড পেতে পারেন।

একটি রিটার্নকে পরীক্ষার জন্য নির্বাচন করার প্রক্রিয়াটি সাধারণভাবে দুটি উপায়ের মধ্যে একটিতে শুরু হয়। প্রথমত, আমরা কম্পিউটার প্রোগ্রাম ব্যবহার করে সেই রিটার্নগুলিকে সনাক্ত করি যেগুলিতে ভুল পরিমাণ থাকতে পারে। এই কর্মসূচিগুলি 1099 ও W-2 ফর্মগুলির মতো তথ্য রিটার্ন, অতীতের পরীক্ষাগুলির অধ্যয়ন, অথবা অনুবর্তিতা প্রকল্পগুলির দ্বারা সনাক্ত করা নির্দিষ্ট কিছু বিষয়ের ওপরে ভিত্তি করে হতে পারে। দ্বিতীয়ত, আমরা বাহ্যিক উৎস থেকে পাওয়া এমন তথ্য ব্যবহার করি যা নির্দেশ করে যে একটি রিটার্নে ভুল পরিমাণ থাকতে পারে। সংবাদপত্র, সরকারি রেকর্ড ও ব্যক্তিরা এই উৎসগুলিতে অন্তর্ভুক্ত হতে পারে। আমরা যদি নির্ধারণ করি যে তথ্যটি সঠিক ও নির্ভরযোগ্য, তাহলে আমরা পরীক্ষার জন্য একটি রিটার্নকে নির্বাচন করার জন্য তা ব্যবহার করতে পারি।

প্রকাশনা 556, রিটার্নের পরীক্ষা, আপীলের অধিকার এবং রিফান্ডের জন্য দাবি (Publication 556, Examination of Returns, Appeal Rights, and Claims for Refund)-এ সেই নিয়ম ও কার্যপ্রণালীগুলি ব্যাখ্যা করা হয় যা আমরা পরীক্ষায় অনুসরণ করি। আমরা কীভাবে পরীক্ষাগুলি সম্পাদন করি তার একটি বিবরণ নিচের অধ্যায়গুলিতে দেওয়া হয়েছে।

### ডাকযোগে

আমরা অনেক পরীক্ষা ও অনুসন্ধান ডাকযোগে পরিচালনা করি। আমরা আরো তথ্যের অনুরোধ সহ, অথবা আমাদের মতে আপনার রিটার্নে পরিবর্তন করার প্রয়োজন কেন হতে পারে তা উল্লেখ করে আপনাকে একটি চিঠি পাঠাবো। আপনি ডাকযোগে উত্তর দিতে পারেন অথবা একজন পরীক্ষকের সঙ্গে একটি ব্যক্তিগত সাক্ষাৎকারের অনুরোধ করতে পারেন। আপনি যদি অনুরোধকৃত তথ্য ডাকযোগে আমাদের কাছে পাঠান, অথবা একটি ব্যাখ্যা প্রদান করেন, তাহলে আমরা আপনার সঙ্গে একমত হতে পারি আবার নাও হতে পারি, এবং আমরা যে কোনো পরিবর্তনের কারণ ব্যাখ্যা করব। আপনি যা কিছু বুঝতে পারেন না সেই বিষয়ে আমাদের লিখতে অনুগ্রহ করে দ্বিধা করবেন না।

### সাক্ষাৎকারের দ্বারা

আমরা যদি আপনাকে জানাই যে আমরা ব্যক্তিগত সাক্ষাৎকারের মাধ্যমে আপনার পরীক্ষা সম্পাদন করব, অথবা আপনি এই ধরনের একটি সাক্ষাৎকারের অনুরোধ করেন, সেই ক্ষেত্রে পরীক্ষাটি যাতে আপনার এবং IRS -এর উভয়ের জন্যই যুক্তিযুক্ত একটি সময় ও স্থানে করা হয় সেই অনুরোধ করার অধিকার আপনার আছে। আপনার পরীক্ষক যদি আপনার রিটার্নে কোনো পরিবর্তনের প্রস্তাব করেন, তাহলে তিনি পরিবর্তনগুলির কারণ ব্যাখ্যা করবেন। আপনি যদি এই পরিবর্তনগুলির সাথে একমত না হন, তাহলে আপনি পরীক্ষকের সুপারভাইজারের সঙ্গে দেখা করতে পারেন।

### পুনরাবৃত্ত পরীক্ষা

আমরা যদি পূর্ববর্তী 2টি বছরের মধ্যে একই জিনিসগুলির জন্য আপনার রিটার্ন পরীক্ষা করে থাকি এবং আপনার কর সংক্রান্ত দায়ে কোনো পরিবর্তনের প্রস্তাব না করে থাকি, তাহলে আমাদের পরীক্ষাটি বন্ধ করে দেওয়া উচিত কিনা তা দেখতে অনুগ্রহ করে যত তাড়াতাড়ি সম্ভব আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

## আপীল

আপনি যদি পরীক্ষকের প্রস্তাবিত পরিবর্তনগুলির সাথে একমত না হন, তাহলে আপনি Appeals Office of the IRS (IRS এর আপীল অফিস)-এর কাছে এগুলির বিষয়ে আপীল করতে পারেন। আদালতে ব্যয়সাধ্য ও সময়সাধ্য বিচার প্রক্রিয়া ছাড়াই বেশির ভাগ পার্থক্যের নিষ্পত্তি করা যায়। আপনার আপীলের অধিকারগুলি প্রকাশনা 5, আপনার আপীলের অধিকার এবং আপনি একমত না হলে কীভাবে একটি আপত্তি প্রস্তুত করতে হবে (Publication 5, Your Appeal Rights and How To Prepare a Protest If You Don't Agree) এবং প্রকাশনা 556, রিটার্নের পরীক্ষা, আপীলের অধিকার এবং রিফান্ডের জন্য দাবি (Publication 556, Examination of Returns, Appeal Rights, and Claims for Refund) উভয়েই বিশদে ব্যাখ্যা করা হয়েছে।

আপনি যদি Appeals Office (আপীল অফিস) ব্যবহার করতে না চান অথবা তার উপসংহারের সাথে ভিন্নমত হন, তাহলে আপনি আপনার মামলাটি U.S. Tax Court (মার্কিন যুক্তরাষ্ট্রের কর আদালত), U.S. Court of Federal Claims (মার্কিন যুক্তরাষ্ট্রের ফেডারেল দাবিসমূহের আদালত), বা U.S. District Court (মার্কিন যুক্তরাষ্ট্রের জেলা আদালত)-এ নিয়ে যেতে সক্ষম হতে পারেন। আপনি যদি আপনার মামলাটি আদালতে নিয়ে যান, এবং আপনি যদি আপনার কর সংক্রান্ত দায় দেখানোর জন্য পর্যাপ্ত নথিপত্র রেখে থাকেন, IRS-এর সঙ্গে সহযোগিতা করেন এবং অন্য কিছু নির্দিষ্ট শর্ত পূরণ করেন, সেই ক্ষেত্রে নির্দিষ্ট কিছু তথ্য প্রমাণ করার জন্য IRS দায়ী থাকবে। আদালত যদি আপনার মামলার বেশির ভাগ বিষয়ে আপনার সঙ্গে একমত হয় এবং দেখতে পায় যে আমাদের অবস্থানটি মূলত অহেতুক ছিল, সেই ক্ষেত্রে আপনি আপনার প্রশাসনিক ও মামলা সংক্রান্ত কিছু খরচ উদ্ধার করতে সক্ষম হতে পারেন। আপনি যদি না আপীলের ব্যবস্থার মধ্যে দিয়ে যাওয়া সমেত, আপনার মামলাটির প্রশাসনিকভাবে নিষ্পত্তি করার চেষ্টা করে থাকেন, এবং আপনার মামলাটির নিষ্পত্তি করার জন্য প্রয়োজনীয় তথ্য আমাদেরকে দিয়ে থাকেন, তাহলে আপনি এই খরচগুলি উদ্ধার করার যোগ্য হবেন না।

## আদায়

প্রকাশনা 594, IRS-এর আদায়ের প্রক্রিয়াতে (Publication 594, The IRS Collection Process) ফেডারাল করগুলির অর্থপ্রদানের প্রসঙ্গে আপনার অধিকার ও দায়িত্বগুলি ব্যাখ্যা করা হয়েছে। এটি বর্ণনা করে:

- আপনার কর বকেয়া থাকলে কী করা উচিত। আপনি যদি একটি করের বিল পান এবং মনে করেন যে আপনার বিলটি ভুল, সেই ক্ষেত্রে কী করা উচিত তা এতে বর্ণনা করা হয়েছে। কিস্তিতে অর্থপ্রদান করা, আদায়ের পদক্ষেপকে বিলম্বিত করা এবং আপোষের একটি প্রস্তাব জমা দেওয়াও এতে অন্তর্ভুক্ত আছে।
- IRS-এর আদায়ের পদক্ষেপ। এতে অন্তর্ভুক্ত আছে লিয়েন, একটি লিয়েন মুক্ত করা, লেভি, একটি লেভি মুক্ত করা, বাজেয়াপ্ত ও বিক্রয় করা এবং সম্পত্তি মুক্ত করা।
- একটি গুরুতরভাবে অপরাধমূলক করের দেনার বিষয়ে State Department (স্টেট ডিপার্টমেন্ট)-এর কাছে IRS সার্টিফিকেশন, যার ফলস্বরূপ সাধারণভাবে একটি পাসপোর্টের আবেদন প্রত্যাখ্যাত হবে এবং একটি পাসপোর্ট রদ করাও হতে পারে।

আপনার আদায় সংক্রান্ত আপীলের অধিকারগুলি প্রকাশনা 1660, আদায় সংক্রান্ত আপীলের অধিকার (Publication 1660, Collection Appeal Rights) এ বিশদে ব্যাখ্যা করা হয়েছে।

### নিরপরাধ স্বামী/স্ত্রীর ত্রাণ

সাধারণভাবে আপনার স্বামী/স্ত্রী এবং আপনি উভয়েই আপনাদের যৌথ রিটার্নে প্রদেয় কর, সুদ ও জরিমানার পূর্ণ পরিমাণটি পরিশোধ করার জন্য দায়ী থাকেন। তবে আপনি যদি নিরপরাধ স্বামী/স্ত্রীর ত্রাণের জন্য যোগ্যতা অর্জন করেন, তাহলে আপনাকে যৌথ দায় থেকে আংশিক বা পূর্ণরূপে ত্রাণ দেওয়া হতে পারে। ত্রাণের অনুরোধ করার জন্য আপনাকে অবশ্যই ফর্ম 8857, নিরপরাধ স্বামী/স্ত্রীর ত্রাণের জন্য অনুরোধ (Form 8857, Request for Innocent Spouse Relief) ফাইল করতে হবে। নিরপরাধ স্বামী/স্ত্রীর ত্রাণের বিষয়ে আরো তথ্যের জন্য, প্রকাশনা 971, নিরপরাধ স্বামী/স্ত্রীর ত্রাণ, ও ফর্ম 8857 (Publication 971, Innocent Spouse Relief, and Form 8857) দেখুন।

### সম্ভাব্য তৃতীয় পক্ষের যোগাযোগ

সাধারণভাবে, IRS আপনার সঙ্গে বা আপনার দ্বারা যথাযথভাবে অনুমোদিত প্রতিনিধির সঙ্গে সরাসরি লেনদেন করবে। তবে আমাদের যদি এমন কোনো তথ্য প্রয়োজন হয় যা আপনি দিতে অক্ষম হয়েছেন সেই ক্ষেত্রে, অথবা প্রাপ্ত তথ্য যাচাই করার জন্য, আমরা কখনও কখনও অন্য মানুষদের সঙ্গে কথা বলি। আমরা যদি প্রতিবেশী, ব্যাংক, নিয়োগকর্তা বা কর্মীদের মত অন্য মানুষদের সঙ্গে যোগাযোগ করি, তাহলে আমাদের সাধারণভাবে তাদেরকে সীমিত তথ্য দিতে হবে, যেমন আপনার নাম। আমরা যে তথ্য চাইছি তা পাওয়া বা যাচাই করার জন্য যতটা প্রয়োজনীয়, তার চেয়ে বেশি কোনো তথ্য প্রকাশ করা আইন অনুযায়ী আমাদের জন্য নিষিদ্ধ। আপনার মামলায় যতক্ষণ পর্যন্ত কার্যকলাপ হবে, ততক্ষণ আমাদের অন্য মানুষদের সঙ্গে যোগাযোগ করার প্রয়োজন অব্যাহত থাকতে পারে। আমরা যদি অন্য মানুষদের সঙ্গে যোগাযোগ করি, সেই ক্ষেত্রে যে মানুষদের সঙ্গে যোগাযোগ করা হয়েছিল তাদের একটি তালিকার জন্য অনুরোধ করার অধিকার আপনার আছে। আপনার অনুরোধটি টেলিফোনের মাধ্যমে, লিখিতভাবে, বা একটি ব্যক্তিগত সাক্ষাৎকারের সময় করা যায়।

## রিফান্ড

আপনি যদি মনে করেন যে আপনি খুব বেশি কর পরিশোধ করেছেন, সেই ক্ষেত্রে আপনি রিফান্ডের জন্য দাবি জমা দিতে পারেন। আপনি যে তারিখে আপনার মূল রিটার্নটি জমা দিয়েছিলেন সেদিন থেকে 3 বছরের মধ্যে, অথবা যে তারিখে কর পরিশোধ করেছিলেন সেদিন থেকে 2 বছরের মধ্যে, যেটা পরে হবে, আপনাকে সাধারণভাবে অবশ্যই তার ভিতরে দাবিটি জমা দিতে হবে। আপনি যে তারিখে আপনার রিটার্নটি অথবা রিফান্ডের জন্য দাবিটি জমা দিয়েছিলেন তার 45 দিনের মধ্যে যদি তা প্রদান করা হয়, সেই ক্ষেত্রে আইনে সাধারণভাবে আপনার রিফান্ডের ওপরে সুদ দেওয়ার প্রবিধান আছে। প্রকাশনা 556, রিটার্নের পরীক্ষা, আপীলের অধিকার এবং রিফান্ডের জন্য দাবিতে (Publication 556, Examination of Returns, Appeal Rights, and Claims for Refund) রিফান্ডের বিষয়ে আরো তথ্য আছে।

আপনার যদি একটি রিফান্ড পাওনা থাকে কিন্তু আপনি রিটার্ন জমা না দিয়ে থাকেন সেই ক্ষেত্রে সেই রিফান্ডটি পাওয়ার জন্য, যে তারিখে রিটার্নটি বকেয়া ছিল (প্রসারণ সহ) সেইদিন থেকে 3 বছরের মধ্যে সাধারণভাবে আপনাকে অবশ্যই রিটার্ন জমা দিতে হবে।

## Taxpayer Advocate Service (করদাতা অ্যাডভোকেট পরিষেবা)

TAS হল IRS-এর ভিতরে একটি *স্বাধীন* সংস্থা যা করদাতা হিসেবে আপনার অধিকারগুলিকে রক্ষা করতে সাহায্য করে। আপনার কর সংক্রান্ত সমস্যার কারণে যদি অসচ্ছলতা দেখা দেয়, অথবা আপনি যদি IRS-এর মাধ্যমে আপনার সমস্যার নিষ্পত্তি করার চেষ্টা করার পরেও তা নিষ্পত্তি করতে সক্ষম না হয়ে থাকেন, তাহলে আমরা আপনাকে সাহায্য দিতে পারি। আপনি যদি আমাদের সহায়তার জন্য যোগ্যতা অর্জন করেন, যা সবসময় বিনামূল্যে পাওয়া যায়, তাহলে আমরা আপনাকে সাহায্য করার জন্য সম্ভাব্য সব কিছু করব। *www.taxpayeradvocate.irs.gov* এ যান অথবা 1-877-777-4778 নম্বরে ফোন করুন।

## কর বিষয়ক তথ্য

ফর্ম, প্রকাশনা এবং অতিরিক্ত তথ্যের জন্য IRS নিম্নলিখিত উৎসগুলি প্রদান করে।

- *কর সংক্রান্ত প্রশ্ন:* 1-800-829-1040 (TTY/TDD এর জন্য 1-800-829-4059)
- *ফর্ম ও প্রকাশনা:* 1-800-829-3676 (TTY/TDD এর জন্য 1-800-829-4059)
- *ইন্টারনেট: www.irs.gov*
- *Small Business Ombudsman (ছোট ব্যবসা ন্যায়পাল):* একটি ছোট ব্যবসা সংস্থা 1-888-REG-FAIRএ ফোন করে নিয়ন্ত্রক প্রক্রিয়াতে অংশগ্রহণ করতে পারে এবং IRS-এর বলবৎকরণ পদক্ষেপগুলির ওপরে মন্তব্য করতে পারেন।
- *Treasury Inspector General for Tax Administration (কর প্রশাসনের জন্য সাধারণ কোষাগার পরিদর্শক):* আপনি 1-800-366-4484 (TTY/TDDএর জন্য 1-800-877-8339) এ ফোন করে IRS-এর কোনো কর্মীর দ্বারা অসদাচরণ, অপচয়, প্রতারণা বা দুর্ব্যবহারের ব্যাপারে গোপনীয়ভাবে রিপোর্ট করতে পারেন। আপনি পরিচয় গোপন রাখতে পারেন।